# বরগুনায় জুলাই শহীদ স্মৃতিস্তম্ভে অগ্নিসংযোগ



সংগৃহীত ছবি

বরগুনার সার্কিট হাউস মাঠের উত্তর-পূর্ব কোণে অবস্থিত জুলাই শহীদ স্মৃতিস্তম্ভে দুর্বৃত্তরা অগ্নিসংযোগ করেছে। বুধবার (১২ নভেম্বর) গভীর রাতে এ ঘটনা ঘটে। ঘটনার ১১ সেকেন্ডের একটি ভিডিও সামাজিক যোগাযোগ মাধ্যমে দ্রুত ছড়িয়ে পড়ে ব্যাপক আলোচনার সৃষ্টি করেছে।

ভিডিও ফুটেজে দেখা যায়, এক অজ্ঞাতপরিচয় ব্যক্তি হাতে থাকা কোনো দাহ্য বস্তুতে আগুন জ্বালিয়ে সেটি স্মৃতিস্তম্ভের নিচের অংশে নিক্ষেপ করে। সঙ্গে সঙ্গে সেখানে আগুন ধরে যায়। ভিডিওতে এক ব্যক্তির কণ্ঠস্বর শোনা যায়, যিনি 'দে' বলে নির্দেশ দেন। এরপর অগ্নি নিক্ষেপের সঙ্গে সঙ্গেই আরেকজনকে বলতে শোনা যায়, 'চল চল', এবং তারা দ্রুত ঘটনাস্থল ত্যাগ করে।

এই ভিডিওটি ফেসবুকে পোস্ট করে বরগুনা জেলা ছাত্রলীগের সভাপতি রেজাউল কবির রেজা একটি উস্কানিমূলক মন্তব্য করেন। তিনি লেখেন— "বরগুনা সার্কিট হাউজের সামনে কথিত জুলাই স্তম্ভে আগুন। মুক্তিযুদ্ধের চেতনা বিরোধী জুলাই স্মারক নামের নোংরা জিনিস বরগুনার পবিত্র মাটিতে থাকতে পারে না। থাকতে দেব না।"

পোস্টটি প্রকাশের পর সামাজিক যোগাযোগ মাধ্যমে তীব্র প্রতিক্রিয়া দেখা দেয়। অনেকেই এটিকে ঘৃণ্য উস্কানি ও সহিংসতার প্ররোচনা হিসেবে আখ্যা দিয়েছেন।

এ বিষয়ে বরগুনা সদর থানা পুলিশের ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. ইয়াকুব হোসাইন বলেন, "আমরা খবর পেয়েছি, কিন্তু ঘটনাস্থলে এমন কোনো স্পষ্ট প্রমাণ পাইনি। এটা আমাদের এলাকায় ঘটেছে কিনা, তা যাচাই করা হচ্ছে।"